দৈনিক খবর

তারিখ 0 1 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

# ৭ জন ভিসির আহবান

।।বিশ্ববিদ্যালয় রিপোর্টার।।

শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধের লক্ষ্যে গতকাল বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সন্ত্রাস বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারসহ সকল রাজনৈতিক দল, ছাত্র সংগঠন, শিক্ষক ও অভিভাবকগণকে আন্তরিকভাবে এগিয়ে আসার আহবান জানানো হয়।

সভায় ৭টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

২ এর পাতায় দেখুন

## ৭ জন ভিসির

প্রথম পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন। তারা হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ শাহজাহান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কাজী সালেহ আহমেদ, শাহজালাল বিজ্ঞান ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সদরুদ্দীন আহমেদ চৌধুরী, কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মুহাম্মদ আবদুর রহমান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ মোঃ আবদুল হামিদ ও খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গোলামরহমান।

তারা বলেন, শিক্ষাঙ্গনসমূহে এধরনের সন্ত্রাসী ব্যবস্থা বিরাজমান থাকলে তা গোটা জাতির জন্যই হুমকিস্বরূপ। এ সমস্যা সমাধানের লক্ষ্যে তারা কিছুদিনের মধ্যেই প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সাথে আলোচনায়বসবেন।